**সম্মানীয় উপরাষ্ট্রপতির পেরূ,কিউবা এবং যুকতরাজ্য সফর(অকটোবর ২৫-২ নভেম্বর ২০১৩)**

সম্মানীয় উপরাষ্ট্রপতি শ্রী হামিদ আনসারি ২৫ অকটোবর থেকে ২ নভেম্বর ,২০১৩ সরকারি সফরে পেরূ,কিউবা এবং যুকতরাজ্য সফর করছেন ।পেরূ ও কিউবাতে উপ রাষ্ট্রপতিস্তরের এটাই প্রথম সফর ।মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী শ্রী জিতিন প্রসাদ,সংসদ সদস্য,সরকারি অফিসার এবং সংবাদমাধ্যমের প্রতিনিধিরা সফরসঙ্গী হবেন।

উপরাষ্ট্রপতি ২৬-২৯ অকটোবর,২০১৩ পেরূতে থাকবেন ।এই সফরে তিনি তাঁর সমমর্যাদাসম্পন্ন পেরূর প্রথম উপরাষ্ট্রপতি মাননীয় শ্রীমতি মারিসল এসপিনোজা কুরজ-এর সংগে সুসংহত বার্তালাপ করবেন এবং সেখানকার বৈদেশিক বাণিজ্য ও পর্যটন মন্ত্রীর সংগে দেখা হবে। পেরূর প্রেসিডেন্ট মাননীয় মিঃ ওলান্টা হুমালার সংগেও তিনি দেখা করবেন ।ভারত পেরূর মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের ৫০ বছর পূর্তি উদযাপনের সংগে সঙ্গতি রেখেই উপরাষ্ট্রপতির সফর ।এই ঐতিহাসিক ঘটনার স্মরণে উপরাষ্ট্রপতি লিমায় একটি ভারতীয় সাংস্কৃতিক উৎসবের উদ্বোধন করবেন ।অভিন্ন আর্থিক স্বার্থর সম্পর্ক ও বিভিন্ন স্তরের সফর বিনিময়ের মাধ্যমে ভারত ও পেরূ এক উষ্ণ ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রেখেছে ।ভারত ও পেরূর মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ২০১২ সাল অনুযায়ী ১.৬৮ মার্কিন বিলিয়ন ডলার এবং তাতে সমতা রয়েছে।

কিউবাতে উপরাষ্ট্রপতি তাঁর সমমর্যাদাসম্পন্ন প্রথম উপরাষ্ট্রপতি সম্মানীয় মিঃ মিগুয়েল ডিয়াজ-কেনল বারমুডেজের সংগে সুসংহত দ্বিপাক্ষিক বার্তালাপ করবেন। উপরাষ্ট্রপতি কিউবার প্রেসিডেন্ট মাননীয় মিঃ রাউল কাস্ত্রোর সংগে ৩০ অকটোবর ২০১৩ সাক্ষাৎ করবেন। এই সফরে হাভানায় তিনি ভারতীয় সাংস্কৃতিক উৎসবের উদ্বোধন করবেন ।ন্যামের প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে ভারত ও কিউবা এক ঐতিহাসিক ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্কে আবদ্ধ ।বহুদেশীয় মঞ্চে দুই দেশ অভিন্ন স্বার্থে নিকট সম্পর্ক বজায় রাখে ।এনার্জি,জৈবপ্রযুকতি,কীড়রা ক্ষেত্রের সকরিয় সহযোগিতা দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্কের বৈশিষ্ট্য ।কিউবার ইইজেডে ভারতের ওভিএলের উপস্তিতি লক্ষ্যণীয়।

উপরাষ্ট্রপতি তাঁর সফরের শেষভাগে **১** নভেম্বর ২০১৩ যুকতরাজ্য সফর করবেন। সেখানে তিনি ‘আইডেনটিটি ও সিটিজেনশিপ’ শীর্ষক বিষয়ে অকসফোর্ড সেন্টার ফর ইসলামিক স্টাডিজে  প্রকাশ্য বকতৃতা দেবেন।

**নয়াদিল্লি**

**২৪ অকটোবর ২০১৩**